

# মুগান্ধি

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:২৭ এএম

সারাদেশ

## রংপুর বিভাগের ১৩ বিদ্যালয়ে পাশ করেনি কেউ



রংপুর বৃহরো

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ১০:৪৩ পিএম



রংপুর বিভাগের দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার প্রকাশিত ফলাফলে ১৩টি বিদ্যালয় থেকে কেউ পাশ করেনি। এই ১৩ বিদ্যালয়ে মোট পরীক্ষার্থী ৯৮ জন।

বৃহস্পতিবার দুপুরে দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মীর সাজজাদ আলীর পাঠানো পরিসংখ্যানে এ তথ্য জানা যায়।

বিদ্যালয়গুলো হচ্ছে- রংপুর জেলার পীরগাছা উপজেলার রতনপুর উচ্চ বিদ্যালয়, পীরগঞ্জ উপজেলার ছোট উজিরপুর উচ্চবিদ্যালয়, গাইবান্ধা জেলার সাধাটা উপজেলার গরিদাহা উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ উপজেলার বিশ্বনাথপুর আদর্শ উচ্চ বিদ্যালয়, নীলফামারী জেলার ডিমলা উপজেলার শেখ ফজিলাতুন্নেছা মুজিব বালিকা উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রাম সদর উপজেলার পূর্ব কুমারপুর উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী উপজেলার পায়রাডাঙ্গা উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী উপজেলার নাজির মামুদ উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট সদর উপজেলার পশ্চিম বড়ুয়া রোটারী উচ্চ বিদ্যালয়, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার সাত কামার উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার সানুয়া উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর উচ্চ বিদ্যালয় এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার ডাবর ভাঙ্গা উচ্চ বিদ্যালয় থেকে পাশের হার শূন্যের কোঠায়।

এবার দিনাজপুর বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ৮২ হাজার ৪১০ জন শিক্ষার্থী। পাশ করেছেন ১ লাখ ২২ হাজার ১৪৬ জন। অকৃতকার্য হয়েছে ৬০ হাজার ৮৮ জন। গড়ে পাসের হার ৬৭ দশমিক ০৩ শতাংশ।

রংপুর বিভাগের আট জেলার ২ হাজার ৭৮২ টি বিদ্যালয়ের মধ্যে শূন্য পাসের হার বিদ্যালয়ের সংখ্যা ১৩টি। শতকরা ১০০ ভাগ পাশ করা বিদ্যালয়ের সংখ্যা ৪৮টি।

উল্লেখ্য, গত বছর দিনাজপুর শিক্ষা বোর্ডের পাশের হার ছিল ৭৮ দশমিক ৪৩। সেই হিসাবে এবারে পাশের হার কমেছে। জিপিএ-৫ প্রাপ্তিতেও এই হার কমেছে। গতবছর জিপিএ-৫ পেয়েছিল ১৮ হাজার ১০৫। এবার পেয়েছে ১৫ হাজার ৬২ জন।